



রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুলের মনোনয়নপত্র বৈধ



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র বৈধ বলে ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)।

রোববার (১৬ আগস্ট) নির্বাচন ভবনে মনোনয়নপত্র যাচাইয়ের কার্যক্রম পরিচালনা করেন প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিন। ‘নির্বাচনি কর্তা’ হিসেবে তিনি মির্জা ফখরুলের মনোনয়নপত্র পরীক্ষা করেন।

এর আগে গত ১৩ আগস্ট নির্বাচন ভবনে সিইসি এএমএম নাসির উদ্দিনের কাছে মির্জা ফখরুলের মনোনয়নপত্র জমা দেওয়া হয়। এ সময় বিএনপির স্থায়ী কমিটির সদস্য আব্দুল মঈন খান, জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়সহ দলের অন্য নেতারা উপস্থিত ছিলেন।

মনোনয়নপত্রে মির্জা ফখরুলের প্রস্তাবক হিসেবে আব্দুল মঈন খান এবং সমর্থক হিসেবে গয়েশ্বর চন্দ্র রায়ের নাম দেওয়া হয়েছে।

এর আগে বিএনপি মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি নির্বাচনে দলটির প্রার্থী হিসেবে মনোনীত করে। আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।